

প্রেস বিজ্ঞপ্তি

১৩ নভেম্বর, ২০২৪


বাউবির' রাজশাহী আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা, কর্মচারী ও স্টাডি সেন্টারের
সমস্বয়কারীদের সাথে উপাচার্যের মতবিনিময়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম গত ১১ নভেম্বর ২০২৪ তারিখ সোমবার বাউবির রাজশাহী আঞ্চলিক কেন্দ্র ও এর আওতাধীন উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা, কর্মচারী ও স্টাডি সেন্টারের সমস্বয়কারীদের সাথে মতবিনিময় সভায় মিলিত হন। সভায় উপাচার্য বলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে গণমানুষের বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে হবে। শিক্ষাকে মানুষের দোড়গোড়ায় পৌঁছানোর জন্য যার যার অবস্থান থেকে সংশ্লিষ্ট সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান। বাংলাদেশকে বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়াতে হলে মানসম্মত শিক্ষার কোন বিকল্প নেই বলে সভায় মত প্রকাশ করেন। রাজশাহী আঞ্চলিক কেন্দ্রে বিভিন্ন স্টাডি সেন্টারের সমস্বয়কারী, কর্মকর্তা ও কর্মচারীদের মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।



এছাড়াও তিনি বলেন, এ বিশ্ববিদ্যালয়ের অন্যতম উদ্দেশ্য সবার জন্য মানসম্মত শিক্ষাব্যবস্থা বসন্তবায়ন, বিশেষ করে আর্থিক অস্বচ্ছলতাসহ বিভিন্ন কারণে যারা যথাসময়ে দেশের প্রচলিত শিক্ষা ব্যবস্থার সুযোগ গ্রহণ করতে পারেননি অথবা সুবিধা বঞ্চিত হয়েছেন (Unprivileged) বিশেষ করে পিছিয়েপড়া/ঝরেপড়া নারী ও আদিবাসী সম্প্রদায়ের জন্য শিক্ষার অব্যাহত সুযোগ করে দেয়াই বাউবির মূল লক্ষ্য। দূরশিক্ষণ ও উন্মুক্ত শিক্ষা এমন একটি সুব্যবস্থা যার মাধ্যমে যে কোন শ্রেণি, পেশা ও বয়সের মানুষ নিজ-নিজ অবস্থান থেকে শিক্ষা গ্রহণ করতে পারেন। প্রচলিত শিক্ষাদান পদ্ধতি ব্যতিরেকে বাউবির নিজস্ব প্রণীত সহজবোধ্য পাঠ্যপুস্তক, ইলেকট্রনিক মিডিয়ার (Facebook, Boutube, Youtube, Twitter, LMS/e-Learning site, Web Tv, Web Radio, SD Card) সাহায্যে এসএসসি থেকে এমফিল, পিএইচডি পর্যন্ত বিভিন্ন প্রোগ্রাম পরিচালনা করে আসছে। বাউবিই দেশের একমাত্র উন্মুক্ত ও দূরশিক্ষণ পদ্ধতির পাবলিক বিশ্ববিদ্যালয় যেটি দেশের আপামর জনগোষ্ঠিকে শিক্ষিত করার গুরু দায়িত্ব কাঁধে তুলে নিয়েছে বলে উপাচার্য মত প্রকাশ করেন। উপাচার্য আরও বলেন, দীর্ঘ ১৭ বছর বিগত ফ্যাসিস্ট সরকার কর্তৃক শিক্ষাক্ষেত্রে অবর্ণনীয় নৈরাজ্য সৃষ্টি করে শিক্ষা সেক্টরটিকে ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে যাওয়া হয়েছে। রাতারাতি সবকিছু পুনরুদ্ধার সম্ভব নয়। এটি করতে হলে আমাদেরকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে। তিনি নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণের মাধ্যমে শিক্ষার মানকে সমুলত করার জন্য সংশ্লিষ্ট প্রোগ্রামের সমস্বয়কারী ও টিউটরগণকে অগ্রণী ভূমিকা রাখার উপরও গুরুত্বারোপ করেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মো: এমানুল হক। আঞ্চলিক পরিচালক মোহাঃ আবু বাককার এর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, উপ-পরিচালক শাহ মোহা: আব্দুল মালেক, উপ-পরিচালক এমএস মোহাঃ মোরশেদা খাতুন ও বিভিন্ন স্টাডি সেন্টারের সমস্বয়কারীগণ। উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের রাজশাহী আঞ্চলিক কেন্দ্রে একটি নিম্ন গাছের চারা রোপন করেন। এ সময়ে বিভিন্ন স্টাডি সেন্টারের সমস্বয়কারীগণ, রাজশাহী আঞ্চলিক কেন্দ্র ও আওতাধীন পাবনা, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা এবং রাজশাহী আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)
মোবাইল- ০১৭১১২০৭৬৯৮